

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 16-06-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তিন-দেশীয় সফরের প্রথম পর্বে গতকাল সাইপ্রাস পৌঁছেছেন। লারনাকা আন্তর্জাতিক বিমানবন্দরে সাইপ্রাসের রাষ্ট্রপতি নিকোস ক্রিস্টোডুলিডেস তাকে স্বাগত জানান। এর আগে নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী বলেন, তাঁর তিন দেশ সফর সীমান্ত সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের প্রতি অবিচল সমর্থনের জন্য দেশগুলিকে ধন্যবাদ জানানোর একটি সুযোগ। সন্ত্রাসবাদ মোকাবিলায় বিশ্বব্যাপী বোঝাপড়াও এর মাধ্যমে জোরদার হবে বলেও তিনি জানান। সাইপ্রাস সফরের পর প্রধানমন্ত্রী শ্রী মোদী কানাডা ও ক্রোয়েশিয়া সফর করবেন। কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির আমন্ত্রণে জি৭ শীর্ষ সম্মেলনেও তিনি যোগ দেবেন।

\*\*\*\*\*

**Census 2025:Amit Shah review:**

জনগণনা নিয়ে আজ গ্যাজেট বিজ্ঞপ্তি জারি হচ্ছে। সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। তিনি আসন্ন জন গণনার প্রস্তুতি নিয়ে গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব এবং অন্য বরিষ্ঠ আধিকারিকদের নিয়ে বৈঠক করেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী জানান এ বারের জনগণনায় প্রথম বারের মত জাতি গণনা অন্তর্ভুক্ত হচ্ছে। তিনি আরো জানান দুটি পর্যায়ে জনগণনা পরিচালিত হবে। প্রথম পর্বে ঘর গণনা হবে। দ্বিতীয় পর্যায়ে হবে জনগণনা। উল্লেখ্য এই জনগণনা মোবাইল এপ ব্যবহার করে ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হবে।

\*\*\*\*\*

## **Dharti Aaba Janabhagidari Abhiyan-West :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা গতকাল প্রজ্ঞাভবনে রাজ্যভিত্তিক ধরতী আবা জনভাগিদারী অভিযানের সূচনা করেন। এই অভিযান চলবে আগামী ৩০শে জুন পর্যন্ত। অনুষ্ঠানে তিনি বলেন, এই অভিযানের মাধ্যমে রাজ্যের প্রতিটি জনজাতি অধ্যুষিত ভিলেজ কমিটিতে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা সুবিধাপ্রাপকদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে। এক্ষেত্রে ২০টি দপ্তরের বিভিন্ন পরিষেবা সুবিধাভোগীরা আগামী ৩০ জুন পর্যন্ত অনুষ্ঠিত বিভিন্ন শিবির থেকে সহজেই গ্রহণ করতে পারবেন।

\*\*\*\*\*

## **Congress Meeting :**

আগরতলায় কংগ্রেস ভবনে গতকাল প্রদেশ কংগ্রেসের এক বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় জেলা সভাপতি, ব্লক সভাপতি এবং কংগ্রেসের বিভিন্ন শাখা সংগঠনের পদাধিকারীরা উপস্থিত ছিলেন। প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা জানান, এ.আই.সি.সির নির্দেশ অনুযায়ী আগামী ২২শে জুন থেকে বাড়ি বাড়ি প্রচার অভিযান শুরু হবে।

\*\*\*\*\*

## **Blood Donation-SBI :**

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র উদ্যোগে গতকাল আগরতলার স্টুডেন্ট হেলথ হোমে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। বক্তব্য রাখেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া রিজিওনাল ম্যানেজার তমাল দেববর্মা। শিবিরে ৫০ জন স্বৈচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

## **Press Club Eye Camp :**

আগরতলা প্রেস ক্লাব এবং অশ্বিনী নেত্রালয়'র যৌথ উদ্যোগে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির গতকাল অনুষ্ঠিত হয় আগরতলা প্রেস ক্লাবে। এই শিবিরে সাংবাদিক এবং সাংবাদিকদের পরিবারের মোট ৫০ জনের চোখের পরীক্ষা করা হয়। এই চক্ষু শিবির এর উদ্বোধন করেন আগরতলা প্রেস ক্লাবের সহ সভাপতি চিত্রা রায় ও অশ্বিনী নেত্রালয় এর কর্ণধার ডাক্তার অনুরাগ মজুমদার।

\*\*\*\*\*

## **Hepatitis Foundation of Tripura :**

গতকাল হাঁপানিয়ার আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার লিভারকন সম্মেলনে লিভারের রোগ নিরাময়ের বিষয় নিয়ে গতকাল আলোচনা করেন লিভার রোগ বিশেষজ্ঞ ডঃ পি এন রাও। তিনি ফ্যাটি লিভার কিভাবে নিয়ন্ত্রণ করা যায় তার উপরও আলোচনা করেন। তিনি বলেন, বর্তমান সময়ে খাদ্যাভাস পরিবর্তন করা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। জাস্ক ফুড এবং ফাস্টফুড বর্জন করে স্বাভাবিক খাওয়া-দাওয়া করার উপর গুরুত্ব আরোপ করেন তিনি।

\*\*\*\*\*

## **দ্বিতীয় ডিভিশন :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত ঐকতান যুব সংস্থা ও মোঁচাক ক্লাবের খেলাটি গোলশূন্য ড্র হয়। এর আগে বিকালে অনুষ্ঠিত অপর খেলায় বীরেন্দ্র ক্লাব ৪-৩ গলে ত্রিপুরা পুলিশকে পরাজিত করে।

\*\*\*\*\*

## Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ১২.৬ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।

\*\*\*\*\*

\*\*\*\*\*